

২০২০

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGH-CC-T-12

(বাংলা রঙ্গমঞ্চ ও নাটক)

পূর্ণমান : ৬০

সময় : ২:৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

[A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ১০ = ২০$

ক) প্রহসনের সংজ্ঞা দাও।

খ) একাক্ষ নাটকের দুটি লক্ষণ বলো।

গ) বাংলা সাহিত্যে দুজন নাট্যকারের দুটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।

ঘ) সামাজিক নাটকের সংজ্ঞা লেখো।

ঙ) 'বেঙ্গলি থিয়েটার'-এর প্রতিষ্ঠাতার সম্পূর্ণ নাম লেখো।
কত সালে এই থিয়েটার প্রতিষ্ঠিত হয়েছিল?

(পরের পাতায়)

চ) বেলগাছিয়া নাট্যশালায় অভিনীত মাইকেল মধুসূদন দত্ত রচিত চারটি নাটকের নাম লেখো।

ছ) রামনারায়ণ তর্করত্ন রচিত শ্রেষ্ঠ নাটকটির নাম করো।
এছাড়াও তাঁর রচিত আরো তিনটি নাটকের উল্লেখ করো।

জ) 'সধবার একাদশী' নাটকে নারী চরিত্রগুলির নাম লেখো।

ঝ) 'অচলায়তন' নাটকটি কী ধরনের নাটক? তোমার বক্তব্যের সপক্ষে একটি যুক্তি দাও।

ঞ) 'সধবার একাদশী' নাটকের রচয়িতা কে? তাঁর রচিত আরো দুটি সামাজিক নাটকের নাম করো।

ট) 'অচলায়তন' নাটকে ব্যবহৃত দুটি গানের উল্লেখ করো।

ঠ) মধুসূদন দত্ত রচিত দুটি প্রহসনধর্মী নাটকের সময় উল্লেখ করে নাম লেখো।

ড) কত সালে কোন্ নাটক অভিনয়ের মধ্যে দিয়ে জাতীয় নাট্যশালা সূচনা হয়?

ঢ) "সভ্যতার সহিত বিদ্যাভাবের উদ্বাহ হওয়ার ফলেই এই বিড়ম্বনা"— কোন্ নাটকে কার উক্তি? উক্তিটির অর্থ লেখো।

ণ) ট্রাজেডির দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

ক) ট্রাজেডি ও কমেডির পার্থক্য লেখো।

খ) বাংলা সাহিত্যে একটি উল্লেখযোগ্য সামাজিক নাটকের উল্লেখ করে সামাজিক নাটকরূপে তার সার্থকতা বিচার করো।

- গ) “এর চেয়ে বিধবা হয়ে থাকা ভালো”— কোন্ নাটকে
কার উক্তি? বক্তার এরকম মনোভাবের কারণ কী?
- ঘ) অচলায়তন নাটকের ‘সুভদ্র’ চরিত্রটি সংক্ষেপে আলোচনা
করো।
- ঙ) “মপোস্বালে আমরা কারো বাড়ী গেলে উঁচু আসনে
বসি”— কার উক্তি? উক্ত চরিত্র সম্পর্কে সংক্ষেপে
লেখো।
- চ) টীকা লেখো : লেবেদফের ‘বেঙ্গলী থিয়েটার’।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- ক) ‘অচলায়তন’ নাটকে ব্যবহৃত গানগুলির প্রয়োজনীয়তা
আলোচনা করো।
- খ) ‘সধবার একাদশী’ নাটকে বর্ণিত তৎকালীন সমাজচিত্রটি
বর্ণনা করো।
- গ) বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে জাতীয় নাট্যশালার
(ন্যাশনাল থিয়েটার) প্রতিষ্ঠা ও প্রথম পর্বটির কার্যকলাপ
আলোচনা করো। (১৮৭২-৭৩)
- ঘ) ‘অচলায়তন’ নাটকে নামকরণ সার্থক কিনা আলোচনা
করো।
